

জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

ব্যাচেলর (অনার্স) ডিগ্রীর সংশোধিত রেগুলেশন ২০০৯-২০১০

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত স্নাতক (সম্মান) পাঠদানকারী কলেজসমূহের অধ্যক্ষ, সপ্তপ্রিট শিক্ষক এবং শিক্ষার্থীদের অবহিত করা যাচ্ছে যে, ব্যাচেলর (অনার্স) ডিগ্রীর সংশোধিত রেগুলেশন ২০০৯-১০ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.nu.edu.bd) ইতোমধ্যেই প্রকাশ করা হয়েছে। উক্ত রেগুলেশন কলেজ সমূহের ই-মেইলে প্রেরণ করা হয়েছে এবং Booklet আকারে প্রকাশ করে কলেজ ও বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্র সমূহে প্রেরণের প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে। রেগুলেশনের উল্লেখযোগ্য অংশ সপ্তপ্রিটদের জ্ঞাতার্থে সংশ্লিষ্টকারে প্রকাশ করা হলো।

১। "স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস" কোর্সটি স্নাতক (সম্মান ও পাস) শ্রেণীর সকল ধারার শিক্ষার্থীদের জন্য বাধ্যতামূলক বিষয় হিসেবে সিলেবাসে অন্তর্ভুক্ত করা হয়েছে। বিষয়টি ২০১০-১৪ শিক্ষাবর্ষ থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর সিলেবাসে অন্তর্ভুক্ত থাকবে। ২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২ ও ২০১২-১৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণীর উত্তীর্ণদের জন্য উক্ত বিষয়টি ৪র্থ বর্ষে সিলেবাসে অন্তর্ভুক্ত থাকবে। ২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২ ও ২০১২-১৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণীর উত্তীর্ণদের জন্য পূর্বের রেগুলেশনে উল্লেখিত ধারা-৮, প্রোগ্রাম ভিত্তিক মোট ক্রেডিট ও নম্বরবন্টন অপরিবর্তিত থাকবে।

২। প্রমোশনের (১ম বর্ষ থেকে ৪র্থ বর্ষ) নীতিমালা

ক) প্রোগ্রাম পদ্ধতির সম্মান পরীক্ষার BA, BSS, BBA এবং B.Sc এর ক্ষেত্রে ১ম বর্ষ থেকে ২য় বর্ষে প্রমোশনের জন্য অন্তত ৩টি তৃতীয় কোর্সে ন্যূনতম D গ্রেড পেতে হবে। ২য় বর্ষ থেকে ৩য় বর্ষে প্রমোশনের জন্য অন্তত ৩টি তৃতীয় কোর্সে ন্যূনতম D গ্রেড পেতে হবে। ৩য় বর্ষ থেকে ৪র্থ বর্ষে প্রমোশনের জন্য অন্তত ৪টি তৃতীয় কোর্সে ন্যূনতম D গ্রেড পেতে হবে।

খ) একজন শিক্ষার্থী কোন বর্ষে ক -উপধারায় উল্লেখিত প্রমোশনের শর্তপূরণে ব্যর্থ হলে সে Not Promoted হবে। পরবর্তী বছরে অনুষ্ঠিত উক্ত বর্ষের পরীক্ষায় শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত তৃতীয় কোর্সের পরীক্ষা দিতে হবে না। একই বর্ষে পর পর দু'বছরের পরীক্ষায় শ্রান্ত ফলাফলে ক -উপধারার শর্ত পূরণ করলে, শিক্ষার্থী পরবর্তী বর্ষে প্রমোশন পাবে। তবে F গ্রেড কে উচ্চতর গ্রেডে উন্নীত করলে সেক্ষেত্রে মানোন্নয়নের সুযোগ থাকবে না।

গ) ১টি কোর্সে অনুপস্থিত থেকে কোন শিক্ষার্থী অন্যান্য সকল কোর্সে পরীক্ষা দিয়ে সেসব কোর্সে ন্যূনতম D গ্রেড পেলে পরবর্তী বর্ষে প্রমোশন পাবে। পরবর্তী বছরের পরীক্ষার্থীদের সঙ্গে তাকে অনুপস্থিত বিষয়ে অবশ্যই পরীক্ষা দিতে হবে।

ঘ) একজন শিক্ষার্থী ক -উপধারার শর্ত পূরণ সাপেক্ষে ১ম বর্ষ থেকে ২য় বর্ষে প্রমোশন পাবে। ২য় বর্ষে অধ্যয়নরত অবস্থায় ১ম বর্ষের F গ্রেড সমূহকে উচ্চতর গ্রেডে উন্নীত করার সুযোগ পাবে। তবে ২য় বর্ষের পরীক্ষায় প্রমোশনের জন্য ক -উপধারার ন্যূনতম শর্তপূরণ করতে হবে। উক্ত শর্তপূরণে ব্যর্থ হলে ৩য় বর্ষে প্রমোশন পাবে না। একই ভাবে ৩য় বর্ষে অধ্যয়নরত অবস্থায় প্রয়োজ্য ক্ষেত্রে শিক্ষার্থী ১ম ও ২য় বর্ষের F গ্রেড সমূহকে উচ্চতর গ্রেডে উন্নীত করার সুযোগ পাবে। তবে ৩য় বর্ষের পরীক্ষায় প্রমোশনের জন্য ক -উপধারার ন্যূনতম শর্তপূরণ করতে হবে। উক্ত শর্তপূরণে ব্যর্থ হলে ৪র্থ বর্ষে প্রমোশন পাবে না।

৩। CGPA গণনা

F গ্রেড থেকে উচ্চতর গ্রেডে উন্নীত হলে অর্জিত ক্রেডিট CGPA গণনায় মুক্ত হবে।

৪। পাস ডিগ্রী

ক) ১ম, ২য়, ৩য় বা ৪র্থ বর্ষে F গ্রেড পাওয়া কোর্সগুলো রেজিস্ট্রেশন মেয়াদে (৩য় থেকে ছয় শিক্ষাবর্ষের মধ্যে) অবশ্যই D বা উচ্চতর গ্রেডে উন্নীত করতে হবে। তবে F গ্রেড শ্রান্ত কোর্স পরবর্তীতে পরীক্ষার মাধ্যমে উন্নীত করার ক্ষেত্রে ফলাফল যদি হোক না কেন একজন পরীক্ষার্থী সর্বোচ্চ B+ গ্রেড এর বেশী প্রাপ্য হবে না। উল্লেখ্য যে, চূড়ান্ত পর্যায়ে কোন কোর্সে F গ্রেড থাকলে পরীক্ষার্থী অনার্স ডিগ্রী পাবে না।

খ) রেজিস্ট্রেশন মেয়াদ শেষে কোন পরীক্ষার্থী একাধিক F গ্রেডসহ ন্যূনতম ১০০ credit অর্জন করলে তাকে পাস ডিগ্রী প্রদান করা হবে।

গ) চার বছরের অনার্স কোর্স সম্পন্ন করার পর কোন কোর্সে F সহ কোন ছাত্র CGPA ২.০০ পেয়ে থাকলে তাকে পাস ডিগ্রী দেয়া যাবে, তবে কোন কোর্সের পরীক্ষায় Absent থাকলে তাকে কোন ডিগ্রী প্রদান করা হবে না।

৫। কোর্স ভিত্তিক নম্বর বন্টন

স্নাতক (সম্মান) শ্রেণীর সকল প্রোগ্রামের প্রয়োজ্য বর্ষের প্রত্যেক তৃতীয় কোর্সের প্রতি ১০০ নম্বরের মধ্যে ইন-কোর্স ও ক্লাসে উপস্থিতির ক্ষেত্রে নম্বর হবে ২০ (১৫+৫) এবং তৃতীয় ফাইনাল পরীক্ষার ক্ষেত্রে নম্বর হবে ৮০। বিভিন্ন শিক্ষাবর্ষের (যাদের জন্য প্রয়োজ্য) ১ম, ২য়, ৩য় ও ৪র্থ বর্ষের ইন-কোর্স ও ক্লাসে উপস্থিতির ২০ নম্বরের মধ্যে ২টি ইন-কোর্স পরীক্ষায় ১৫ নম্বর এবং ক্লাসে উপস্থিতি বাহুল্য ৫ নম্বর 'স' 'স' কলেজ অভ্যন্তরীণ ভাবে মূল্যায়ন করবে। তৃতীয় প্রতি ৫০ নম্বরের কোর্সে ইন-কোর্স ও ক্লাসে উপস্থিতির ক্ষেত্রে নম্বর হবে ১০ (৭ নম্বর ইন-কোর্স এবং ৩ নম্বর ক্লাসে উপস্থিতি) এবং তৃতীয় ফাইনাল পরীক্ষার ক্ষেত্রে নম্বর হবে ৪০।

৬। আবশ্যিক ইংরেজী নন-ক্রেডিট কোর্স

ইংরেজী অনার্স ও বিবিএ অনার্সের ছাত্র-ছাত্রী বাতীত ব্যাচেলর অব অনার্স ডিগ্রী প্রোগ্রামের সকল বিষয়ের শিক্ষার্থীদের জন্য ১০০ নম্বরের নন-ক্রেডিট ইংরেজী বিষয় বাধ্যতামূলক থাকবে এবং ইংরেজী বিষয়ে অবশ্যই পাস করতে হবে, অন্যথায় অনার্স ডিগ্রী শ্রান্ত হবেনা। ২য় বর্ষে পঠিত উক্ত বিষয়ের পরীক্ষা ২য় বর্ষ অনার্স পরীক্ষার সাথে অনুষ্ঠিত হবে। উক্ত নন-ক্রেডিট বিষয়ে পাস নম্বর ৪০। উক্ত বিষয়ে ১০০ নম্বরেরই চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

সপ্তপ্রিট সকলকে সংশোধিত রেগুলেশনের বিস্তারিত ওয়েব সাইট থেকে সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো।

স্বা/-

(প্রফেসর ড. ফকির রফিকুল আলম)

ডীন (ভারপ্রাপ্ত)

কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।